

নিউ ইয়র্ক সিটি ফ্যামিলি জাস্টিস সেন্টারস

(New York City Family Justice Centers)

গৃহ হিংসার ক্ষেত্রে সাহায্যের জন্য ওয়ান-স্টপ পরিষেবা কেন্দ্র

ফ্যামিলি জাস্টিস সেন্টার কী?

নিউ ইয়র্ক ফ্যামিলি জাস্টিস সেন্টারগুলি হল বাড়িতে হওয়া অত্যাচারে আক্রান্ত ব্যক্তিবর্গ বা তাদের সন্তানাদি ও তার পাশাপাশি অত্যাচারিত বয়স্ক মানুষদের জন্য সমস্ত প্রকারের সহায়তা প্রদানের কেন্দ্র। আপনি যাতে খুব সহজে এখান থেকে সহায়তা পেতে পারেন সেই কারণে প্রতিটি কেন্দ্রের অধীনে বহু এজেন্সী নিয়োগ করা হয়েছে। এই পরিষেবা সম্পূর্ণ বিনামূল্যে পাওয়া যায় এবং সকল প্রকার আক্রান্ত ব্যক্তিবর্গের জন্য এটি উপলব্ধ। আপনি যে ভাষাতেই কথা বলুন না কেন আমরা আপনাকে সর্বোত্তমভাবে সহায়তা করবই।

আপনি যখন এরকম একটি কেন্দ্রে ভিজিট করবেন তখন আপনি যেধরণের নিরাপদ পরিষেবা ও সহায়তা আসা করবেন তা হল এখানকার পরিবেশ অত্যন্ত যত্নকারী ও তার সঙ্গে সঙ্গে একজনের জন্য একজনই সাহায্য করবে। আপনি যখন এরকম একটি কেন্দ্রে প্রথমবার ভিজিট করবেন আপনি একজন ক্লায়েন্ট বিশেষজ্ঞের সঙ্গে দেখা করবেন। ঐ ক্লায়েন্ট বিশেষজ্ঞ এরপর আপনার সঙ্গে একজন কেস ম্যানেজারের সত্য নির্দিষ্ট করবেন, যিনি আপনাকে সমস্ত বিষয়টি ব্যাখ্যা করে বোঝাবেন ও এই কেন্দ্রে বিভিন্ন পরিষেবা কিভাবে গ্রহণ করতে হয় সেই বিষয়ে সহায়তা করবেন।

এই কেন্দ্রগুলি মেসকল বিভিন্নভাবে অবস্থিত সেগুলি ভীষণভাবে সুরক্ষিত যাতে আপনিও সুরক্ষিত থাকতে পারেন। এই কেন্দ্রে যারা আসবেন তাদের প্রত্যেককেই এই কেন্দ্রে প্রবেশের পূর্বে একটি মেটাল ডিটেকটরের মাধ্যমে পরীক্ষা করা হবে। অনুগ্রহ করে আপনার ছবিমুক্ত সনাক্তকরণের নথি সঙ্গে করে নিয়ে আসবেন।

“আপনাকে ধন্যবাদ। আমি কখনই জানতাম না যে এখানে এতরকমের সহায়তা উপলব্ধ আছে। আমার এখন মনে হচ্ছে যে আমিও এখন একটা সুযোগ পেতে পারি।”

—এফজিসি একজন ক্লায়েন্ট

কীভাবে একটি ফ্যামিলি জাস্টিস সেন্টার আমাকে সাহায্য করতে পারে?

কেস ম্যানেজমেন্ট — আপনি একজন কেস ম্যানেজারের সঙ্গে সাক্ষাৎ করতে পারেন যিনি আপনার চাহিদাগুলি মৌলিকতা উপলব্ধি করবেন, আপনি কিভাবে নিরাপদে থাকতে পারেন সেই বিষয়ে আলোচনা করবেন এবং এই পরিষেবার সঙ্গে আপনাকে সংযুক্ত করবেন।

কাউন্সেলিং — আপনার এবং আপনার সন্তানদের জন্য কাউন্সেলিং সর্বদা উপলব্ধ। একজন কেস একজন করে কাউন্সেলিং অথবা সহযোগী দলভিত্তিক কাউন্সেলিংও এখানে উপলব্ধ।

আইনবিষয়ক তথ্যাবলি — বিভিন্ন আইনসমূহ বিষয় যেমন হেফাজত, সরকারী পরিদর্শন এবং অভিযান সম্পর্কিত বিষয়গুলির ক্ষেত্রে আপনার সঙ্গে আলোচনা করার উদ্দেশ্যে আইনজীবী এবং অনুআইনজীবী এখানে উপলব্ধ।

পুলিস — নিউ ইয়র্ক সিটি পুলিস ডিপার্টমেন্টের পক্ষ থেকে ডোমেস্টিক ভায়োলেন্স প্রিভেনশন অফিসারগণ যারা এই কেন্দ্রে নিযুক্ত আছেন তারা কোন অপরাধের জন্য কিভাবে প্রতিবেদন লিখতে হয় সেইবিষয়ে সহায়তা করবেন। এছাড়াও তারা আপনাকে তথ্যাবলি জানিয়ে আরো সহায়তা করতে পারে যে কিভাবে আপনি সুরক্ষিত থাকতে পারেন।

মোকদ্দমা চালানো — ডোমেস্টিক ভায়োলেন্স গল একধরণের অপরাধ। জেলা অ্যাটর্নি কার্যালয়গুলিতে বিভিন্ন সরকারী উকিল বিভিন্ন কেন্দ্রগুলিতে থাকছেন। আপনার যদি ক্রিমিন্যাল জাস্টিস সিস্টেম বিষয়ে কোন প্রশ্ন থাকে থাকে সে ক্ষেত্রে সরকারী উকিল সেগুলির উত্তর দেবেন।

শিশুদের কক্ষ — আপনি যদি সাহায্য চান সে ক্ষেত্রে আপনার সন্তান যার বয়স 3 বছর বা তার বেশী সে শিশুদের কক্ষে খেলাধুলা করতে পারে।

বয়স্কদের হেনস্থা করার ক্ষেত্রে কী ধরনের পরিষেবা — আপনি যদি বয়স্ক একজন হন এবং আপনি যদি মনে করেন যে আপনাকে হেনস্থা করা হচ্ছে সে ক্ষেত্রে কেস ম্যানেজার, আইনজীবী এবং সরকারী উকিল আপনাকে সহায়তা করতে পারেন।

স্বয়ংসম্পূর্ণ পরিষেবা — জনস্বার্থে এই কর্মীবৃন্দ আপনাকে সহায়তা করবেন, আপনার কি খরচ হতে পারে সেটি হিসাব করা, আপনার শিশুর পরিচর্যা ও আর্থিক নিরাপত্তার প্রসঙ্গে আপনাকে সাহায্য করবেন। চাকরীর কোন প্রশিক্ষণ ও শিক্ষামূলক কোন কর্মসূচী থাকলে এই কর্মীবৃন্দ আপনার সঙ্গে যোগাযোগ করবেন।

ঘন্টা, অবস্থান এবং দিক নির্দেশিকা

সময়: সোমবার থেকে শূক্রবার সকাল 9:00 টা থেকে বিকাল 5:00 পর্যন্ত

টেলিফোন: 311 নম্বরে ফোন করে আপনার নিকটতম কেন্দ্রের সঙ্গে যোগাযোগ করুন।

এনওয়াইসি ফ্যামিলি জাস্টিস সেন্টার, ব্রক্স

ঠিকানা: 198 East 161st Street, Bronx, NY 10451

সাবওয়ে: 4, B অথবা D থেকে 161st Street Yankee Stadium station

বাস: BX1, BX2, BX6 ও BX13

এনওয়াইসি ফ্যামিলি জাস্টিস সেন্টার, ব্রুকলিন

ঠিকানা: 350 Jay Street, Brooklyn, NY 11201

সাবওয়ে: A, C, F বা R থেকে Jay Street অথবা 2, 3, 4, বা 5 থেকে Borough Hall

বাস: B25, B26, B38, B51, B54, B57, B61, B65, B67, বা B75

এনওয়াইসি ফ্যামিলি জাস্টিস সেন্টার, ম্যানহাটন

ঠিকানা: 80 Centre Street, New York, NY 10013

সাবওয়ে: 4, 5 বা থেকে Brooklyn Bridge–City Hall Station, J বা Z থেকে Chambers Street, N বা R থেকে City Hall, 1, 2 অথবা 3 থেকে Chambers Street, বা A অথবা C থেকে Chambers Street

বাস: M5, M9, M22 ও M103

এনওয়াইসি ফ্যামিলি জাস্টিস সেন্টার, কুইন্স

ঠিকানা: 126–02 82nd Avenue, Kew Gardens, NY 11415

সাবওয়ে: E বা F থেকে Kew Gardens–Union Turnpike

বাস: Q10, Q37, Q46 এবং Q60

স্ট্যাটেন আইল্যান্ড ডোমেস্টিক ভায়োলেন্স রেসপন্স টিম

যে সকল আক্রান্ত ব্যক্তিগণ স্ট্যাটেন আইল্যান্ডে বসবাস করেন, তারা স্ট্যাটেন আইল্যান্ড ডোমেস্টিক ভায়োলেন্স রেসপন্স টিমের বিষয়ে অধিকতর তথ্যাবলি এবং বিস্তারিত বিবরণের জন্য নম্বরে ফোন করুন। আরো অধিক জানবার জন্য OCDV_DVRT@cityhall.nyc.gov এই ঠিকানায় ই-মেল পাঠান বা www.nyc.gov/domesticviolence এই ওয়েবসাইটটি দেখুন।



Mayor's Office to
Combat Domestic Violence

নিরাপদে থাকা

আপনাকে যদি হেনস্থা করা হয়ে থাকে, সেক্ষেত্রে এই পদক্ষেপগুলি আপনাকে নিরাপদে থাকতে সাহায্য করতে পারে:

- আপনি যদি বিপদে পড়েন অতবা আপনার কোন সঙ্গী যদি আপনাকে আঘাত দিয়ে থাকে সেক্ষেত্রে 911 নম্বরে ফোন করুন।
- কীভাবে পুলিশকে টেলিফোন করে খবর দিতে হয় সেইবিষয়ে আপনার শিশুকে শিক্ষিত করে তুলুন এবং হিংস্বাচক কোন ঘটনার সময়ে নিরাপদ স্থানে পৌঁছাবার চেষ্টা করুন।
- কোন জরুরী অবস্থায় আপনার ও আপনার শিশুর পক্ষে নিরাপদ হবে এমন জায়গা প্রথম থেকেই সনাক্ত করে রাখুন।
- রাত্রিবেলায় এবং আপনি যখন বাড়ির বাইরে বেরোচ্ছেন তখন বাড়ির সমস্ত দরজা জানালা ভালো করে তালা বন্ধ করুন।
- আপনার সন্তানের স্কুল/ ডে-কেয়ার সেন্টার থেকে আপনি কাকে আপনার সন্তানকে নিয়ে আসার অনুমোদন দিচ্ছেন সেই বিষয়ে স্কুল/ডে-কেয়ার সংস্থাকে জানিয়ে রাখুন।
- যদি আপনার টেলিফোন নম্বর পরিবর্তন হয় তাহলে সেই পরিবর্তিত নম্বরটি তালিকাভুক্ত করে নেবার জন্য অনুরোধ জানান।
- আপনার বাড়ির ঠিকানা গোপন রাখুন এবং, যদি সম্ভব হয়, হেনস্থাকারীকে কখনই জানাবেন যে আপনি কোথায় থাকেন।
- একা একা বাড়ির বাইরে বেরোন এড়িয়ে চলুন।
- যদি সম্ভব হয়, আপনার কর্মক্ষেত্রে আপনার টেলিফোন কলগুলি যাতে অন্য কেউ দেখতে পারে তার জন্য বলুন, আপনার অফিসের টেলিফোন নম্বর এবং ই-মেল ঠিকানার পরিবর্তন হলে সেগুলি নথিভুক্ত করার জন্য অনুরোধ জানান, আপনি অফিস থেকে কোন পথে বাড়ি ফেরেন বা কোন পথে অফিস যান সেই পথ মাঝে মাঝে পরিবর্তন করবার চেষ্টা করুন এবং সম্ভব হলে যাওয়াআসার সময়ও পরিবর্তন করতে পারেন।

- আপনাকে যদি খুব শীঘ্র কোথাও থেকে বেরিয়ে পড়তে হয়, সেক্ষেত্রে আপনার এবং আপনার সন্তানের জন্য এই গুরুত্বপূর্ণ তথ্যাবলি জোগাড় করে রাখুন
 - পাসপোর্ট/গ্রীনকার্ড/ওয়ার্ক পারমিট
 - সোশ্যাল সিকিউরিটি কার্ড/জন্ম সার্টিফিকেট
 - ব্যাঙ্ক থেকে পাওয়া স্টেটমেন্ট/ ক্রেডিট কার্ড/ চেকবই
 - কর প্রদানের রিসিভ কপি/ পে স্টাবস
 - বাড়ির ডিড/ ইজারা
 - সুরক্ষা নির্দেশিকা
 - হেফাজত/ সরকারী পরিদর্শন নির্দেশিকা
 - বিবাহের অনুমতি পত্র
 - শিশুদের টীকাকরণের নথি/ বিদ্যালয় সংক্রান্ত নথিপত্র
 - ঠিকানার নথি ও প্রি-পেড মোবাইল ফোন
 - হেনস্থাকারীর ছবি
 - আপনাকে যে হেনস্থা করা হয়েছে তার প্রমাণপত্র যার মধ্যে ই-মেল, লিখিত পত্র এবং কোন প্রচার মাধ্যমে প্রকাশিত খবরের অংশবিশেষ অন্তর্ভুক্ত
- সঙ্গে যে ব্যাগ নেবেন তাতে অর্থ, বাড়তি চাবি, পোশাক, ওষুধ, এবং এই সকল গুরুত্বপূর্ণ নথিপত্র রাখুন এবং এগুলিকে একটি নিরাপদ জায়গায় বা আপনি বিশ্বাস করেন এমন কারোর হেফাজতে রেখে দিন।

“এই প্রোগ্রামটি আমাকে আমার জীবনের কঠিনতম মুহুর্তে সাহায্য করেছিল। আমার সমস্ত চিন্তাভাবনাগুলিকে একজায়গায় জড়ো করা, টেলিফোন ব্যবহার করা, এবং কম্পিউটার সাহায্যে বিভিন্ন চাকরী খোঁজবার ব্যবস্থা করে দিয়েছে। আমার যা যা প্রয়োজন ছিল, প্রতিটি ক্ষেত্রেই এই প্রোগ্রামটি আমাকে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছিল।” -এফজেসি ল্যান্ড

বাড়িতে যদি আপনার প্রতি অত্যাচার হয়ে থাকে অথবা আপনি যদি এমন কাউকে জানেন যার উপরে বাড়িতে অত্যাচার হয়েছে, সেক্ষেত্রে এখান থেকে সাহায্য পাওয়া যাবে।

24-ঘন্টা ব্যাপী এনওয়াইসি ডোমেস্টিক ভায়োলেন্সের হেল্পলাইনে ফোন করুন 311 নম্বরে

জরুরী প্রয়োজনে 911 নম্বরে ফোন করুন

সমস্ত ধরণের ভাষায় এই সহায়তা পাওয়া যাবে

www.nyc.gov

সঙ্গীগণ

The Arab American Family Support Center, Inc./Tamkeen
Barrier Free Living
Bronx County District Attorney's Office
CAMBA
Center Against Domestic Violence
Day One
FEGS
The Financial Clinic
Garden of Hope
Good Shepherd Services Safe Homes Project
Her Justice
Jewish Association Serving the Aging
Jewish Board of Family and Children's Services
Kings County District Attorney's Office

Korean American Family Service Center
Legal Services NYC - Bronx
Manhattan Legal Services NYC
Metropolitan Council on Jewish Poverty
Mount Sinai Sexual Assault & Violence
Intervention Program
New York Asian Women's Center
New York City Anti-Violence Project
New York City Department of Information
Technology and Telecommunications
New York City Human Resources Administration
New York City Police Department
New York County District Attorney's Office
New York Legal Assistance Group
Northern Manhattan Improvement Corporation

Queens County District Attorney's Office
Queens Legal Services
Safe Horizon
Sanctuary for Families
Sauti Yetu Center for African Women
Shorefront Y
South Brooklyn Legal Services
STEPS to End Family Violence
St. Luke's Roosevelt Crime Victims Treatment Center
Urban Justice Center
Urban Resource Institute
Violence Intervention Program, Inc.
Weinberg Center for Elder Abuse Prevention
W!SE (Working in Support of Education)